তারিখ ... 18 DEC 2005
পৃঃ ... ৩ ... কলাম ... ২

দৈনিক
ইত্তেফাক

# ভিসি না থাকায় বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা

॥ গাজীপুর সংবাদদাতা ॥

গাজীপুরের শালনায় অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে গত ৫ দিন যাবৎ কোন ভিসি না থাকায় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমে অচলাবস্থা দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভিসি ড. আব্দুল হালিম খানের মেয়াদ গত ১২ ডিসেম্বর শেষ হলেও গত ৫ দিনে ভিসি পদে কাউকে নিয়োগ দেয়া হয়নি।

এদিকে, মেয়াদ অতিক্রান্ত ভিসি ড. আব্দুল হালিম খানের স্বেচ্ছাচারিতা, অযোগ্যতা ও অপশাসনের বিরুদ্ধে এবং তার অপসারণের দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ গত প্রায় দুই মাস যাবৎ ক্যাম্পাসে আন্দোলন চালিয়ে আসছেন। তাকে পুনঃনিয়োগ না দেয়াসহ বিশ্ববিদ্যালয়ের একজন নতুন ভিসি নিয়োগের দাবিতে গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ এক সমাবেশে মিলিত হন। জাতীয়তাবাদী শিক্ষক ফোরাম নেতা ডঃ আব্দুল করিমের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি ড. আব্দুল মান্নান আকন্দ, ড. মাহবুবুর রহমান, ড. খন্দকার আকবর হোসেন, ড. এ কে এম সিরাজুল করিম প্রমুখ। এদিকে গত ৫ দিনেও বিশ্ববিদ্যালয়ে কোন ভিসি নিয়োগ না হওয়ায় সকল শ্রেণীর শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে হতাশা বিরাজ করছে।